# ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স (ডিসিপি)

বিভাগীয় সার্কুলার নং-০৩-২০২০ তারিখ ঃ ১৪-০৭-২০২০

## ‘বাংলাদেশ ব্যাংক-এর শিল্পকলা সংগ্রহ’ অ্যালবামটি বিক্রয় প্রসঙ্গে।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স (ডিসিপি) হতে দেশবরেণ্য চিত্রশিল্পী হাশেম খান ও ইতিহাসবিদ ড. মুন্তাসীর মামুন এর সম্পাদনায় বাংলাদেশ ব্যাংকে সংরক্ষিত পেইন্টিং, ম্যুরাল এবং ভাস্কর্যের ছবি ও তথ্য সম্বলিত ‘বাংলাদেশ ব্যাংক-এর শিল্পকলা সংগ্রহ’ অ্যালবামটি প্রকাশ করা হয়। এটি মূলত: বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়, বিভিন্ন শাখা অফিস এবং বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমির প্রাঙ্গন ও স্থাপনা সজ্জায় নির্মিত সকল ম্যুরাল ও ভাস্কর্য এবং ব্যাংকে সংরক্ষিত অমূল্য বিভিন্ন পেইন্টিং এর ছবি ও তথ্য সহযোগে বাংলাদেশ ব্যাংক এর শিল্পকলা সংগ্রহ এর বর্ণনাবদ্ধ একটি নান্দনিক সচিত্র অ্যালবাম। এ অ্যালবামে বাংলাদেশের আধুনিক চিত্রকলার পথিকৃৎ শিল্পাচার্য জয়নুল আবেদিন, কামরুল হাসান, সফিউদ্দিন আহমেদ, এস. এম. সুলতান, মোহাম্মদ কিবরিয়া, কাইয়ুম চৌধুরী, মুস্তাফা মনোয়ার, মুর্তাজা বশীরসহ অসংখ্য প্রথিতযশা শিল্পীর শিল্পকর্ম স্থান করে নিয়েছে। অ্যালবামটি বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন শিল্প মাধ্যমে সনাতনী লোকজ কর্ম থেকে বিমূর্ত আধুনিক ও আধুনিকোত্তর বিবিধ বিবর্তমান শৈলীতে দেশের কয়েক প্রজন্মের শিল্পীদের সৃষ্টিকর্মে সমৃদ্ধ বাংলাদেশ ব্যাংকের সংগ্রহের একটি অনবদ্য দলিল।

নান্দনিক এই অ্যালবামের ক্রয়মূল্য সকলের জন্য ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা নির্ধারণ করা হয়েছে। অ্যালবামটি ক্রয়ে আগ্রহীদের ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্সের যুগ্মপরিচালক নুরুন্নাহার, মোবাইল- ০১৭১২৮৪১০২০ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। দুর্লভ এ প্রকাশনার সংখ্যা সীমিত হওয়ার কারণে আগে এলে আগে পাবেন-ভিত্তিতে এটি বিক্রয় করা হবে।




আকর্ষণীয় কভার, চমৎকার বাইন্ডিং, কাগজের মান, উন্নত মুদ্রণ, সর্বোপরি বিষয়বস্তু বৈচিত্র্যতায় দেশে বিদেশে শিল্পবোদ্ধা ও শিল্পীসহ বিজ্ঞজনের মনোযোগ আকর্ষণ করেছে অ্যালবামটি। আপনাদের শিল্পপিপাসু জ্ঞান-চেতনায় এ অ্যালবাম সামান্য হলেও নতুন কিছু যোগ করবে বলে আমাদের বিশ্বাস।

বিনীত,

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।